



স্মারক নং: রুয়েট/জস/১৭৬/২০২৫

তারিখঃ ১৬ এপ্রিল ২০২৫ খ্রিঃ

সংবাদ বিজ্ঞপ্তি

রুয়েট কেন্দ্রে খুবি'র প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার সর্বশেষ প্রস্তুতি বিষয়ক ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) ২০২৪-২০২৫ সেশনের প্রথম বর্ষ ভর্তি স্নাতক (সম্মান) শ্রেণীর পরীক্ষার অংশ হিসেবে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) কেন্দ্রে আগামী ১৭ এপ্রিল বৃহস্পতিবার সকাল ১০ টা থেকে দুপুর ১:৩০ মিনিট পর্যন্ত “সি” ইউনিটের ভর্তি পরীক্ষা ও ১৮ এপ্রিল শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত “বি” ইউনিটের ভর্তি পরীক্ষা এবং ১৮ এপ্রিল শুক্রবার বিকেলে ৩ টা থেকে বিকেল ৫:৪০ মিনিট পর্যন্ত “এ” ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। রুয়েট কেন্দ্রে খুবি'র প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে এরই মধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

রুয়েট কেন্দ্রে খুবি'র প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার সর্বশেষ প্রস্তুতির অংশ হিসেবে আজ বুধবার কেন্দ্রীয় মিলনায়তনে বিকেল ৩ টায় হল পরিদর্শকগণের উপস্থিতিতে এক ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেশন সভায় প্রধান অতিথি ছিলেন রুয়েট কেন্দ্রের ফোকাল পয়েন্ট ও উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক। সভায় ফোকাল পয়েন্টের পক্ষের সমন্বয়কারী পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. এন.এইচ.এম কামরুজ্জামান সরকারের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে “এ” ইউনিটের ভর্তি পরীক্ষার সমন্বয়কারী ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মো. জহুরুল ইসলাম সরকার, “বি” ইউনিটের ভর্তি পরীক্ষার সমন্বয়কারী পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. মো. কামরুজ্জামান নয়ন এবং “সি” ইউনিটের ভর্তি পরীক্ষার সমন্বয়কারী যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক ড. মো. নূরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

বার্তা প্রেরক -

স্বাক্ষরিত/-

উপ-পরিচালক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়